সেট ক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

প্রাক্-নির্বাচনি পরীক্ষা, ২০১৮

দশম শ্রেণি

বাংলা দ্বিতীয় পত্র (আবশ্যিক) বিষয় কোড: ১০২

(বহুনির্বাচনি)

সময়: ৩০ মিনিট পূর্ণমান: ৩০

[বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক এবং সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। বাহুল্য-দোষ সৃষ্টির উদাহরণ কোনটি?
ক. হৃদয়-মন্দির খ. মড়াদাহ
গ. সব ছেলেরা ঘ. বর্ষার রোদ

২। 'গাঁয়ের পথে গরুর শকট চলে'- বাক্যটিতে শব্দ প্রয়োগে কোন ধরনের ত্রুটি লক্ষণীয়?
ক. উপমার ভুল প্রয়োগ খ. বাহুল্য-দোষ
গ. গুরুচণ্ডালী দোষ ঘ. যোগ্যতাহীন

৩। 'যে ভিক্ষা চায়, তাকে দান কর' - এটি কোন ধরনের বাক্য?
ক. সরল খ. যৌগিক
গ. মিশ্র ঘ. ইচ্ছাসূক

৪। গঠন অনুসারে বাক্য কত প্রকার?
ক. দুই খ. তিন
গ. চার ঘ. পাঁচ

৫। 'যা কোথাও উঁচু কোথাও নিচু' - একে এক কথায় কী বলে?
ক. উঁচু-নিচু খ. বন্ধুর
গ. অসমতল ঘ. পাহাড়

৬। 'যতই করিবে দান, তত যাবে বেড়ে' - এটি কোন ধরনের বাক্য?
ক. বিশেষ্য স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য
খ. বিশেষণ স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য
গ. ক্রিয়া-বিশেষণ স্থানীয় আশ্রিত খণ্ডবাক্য
ঘ. অসমাপিকা ক্রিয়া বিশেষণ যোগে গঠিত বাক্য

৭। 'কেতাদুরস্ত' বাগধারাটি কোন অর্থে ব্যবহৃত হয়?
ক. পরিপাটি খ. সুশৃঙ্খল
গ. সুসজ্জিত ঘ. পরিশীলিত

৮। বর্তমানে পৃথিবীতে কত কোটি লোকের মুখের ভাষা বাংলা?
ক. বিশ কোটি খ. প্রায় বিশ কোটি
গ. ত্রিশ কোটি ঘ. প্রায় ত্রিশ কোটি

৯। নিচের কোনটি ধর্ম সংক্রান্ত ফারসি শব্দ?
ক. ইসলাম খ. গুনাহ
গ. কিতাব ঘ. ঈদ

১০। লাল>নাল - কিসের উদাহরণ?
ক. ব্যঞ্জন বিকৃতি খ. বিষমীভবন
গ. স্বরলোপ ঘ. অভিশ্রুতি

১১। 'তিরোভাব' এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অনুভব খ. আবির্ভাব
গ. পরাভব ঘ. প্রভাব

১২। কোন বাচ্যে কর্মপদের অনুপস্থিতি লক্ষ করা যায়?
ক. কর্মবাচ্যে খ. ভাববাচ্যে
গ. কর্তৃবাচ্যে ঘ. কর্মকর্তৃবাচ্যে

১৩। ব্যতিক্রমী কৃৎ-প্রত্যয়ের উদাহরণ নিচের কোনটি?
ক. বধ খ. নন্দন
গ. শোক ঘ. কার্য

১৪। 'সে যেন আসে।' বাক্যটিকে ভাববাচ্যে পরিণত করলে হবে-
ক. সে আসে যেন খ. যেন সে আসে
গ. তার যেন আসা হয় ঘ. তার দ্বারা যেন আসা হয়

১৫। প্রত্যক্ষ উক্তির কালবাচক পদকে পরোক্ষ উক্তিতে কী অনুসারে পরিবর্তন করতে হয়?
ক. ভাব খ. কাল
গ. পুরুষ ঘ. অর্থ

১৬। সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখানোর জন্য কোন বিরাম চিহ্ন বসে?
ক. ড্যাস খ. হাইফেন চিহ্ন
গ. কোলন ঘ. উদ্ধরণ চিহ্ন

১৭। 'তুমি এত নীচ!' - বাক্যটি দ্বারা কোন ধরনের অনুভূতি প্রকাশ পেয়েছে?
ক. ধিক্কার খ. ঘৃণা
গ. লজ্জা ঘ. বিরক্তি

১৮। বাংলা বাক্যের সাধারণ পদক্রম কোনটি?
ক. কর্তা কর্ম ক্রিয়া খ. কর্ম কর্তা ক্রিয়া
গ. ক্রিয়া কর্তা কর্ম ঘ. কর্তা ক্রিয়া কর্ম

১৯। 'মনু+ষ্ণ=মানব' কোন অর্থে তদ্ধিত প্রত্যয়?
ক. অপত্য খ. উপাসক
গ. ভাব ঘ. সম্পর্ক

২০। 'সন্ধি' বাংলা ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ক. অর্থতত্ত্বে খ. বাক্যতত্ত্বে
গ. রূপতত্ত্বে ঘ. ধ্বনিতত্ত্বে

২১। শব্দ ও পদের মধ্যে বিসর্গ থাকলে পরবর্তী ব্যঞ্জন কী হয়?

ক. লোপ পায়　　খ. দীর্ঘ হয়

গ. হ্রস্ব হয়　　ঘ. দ্বিত্ব হয়

২২। নিচের কোন বানানটি সঠিক?

ক. পুরষ্কার　　খ. পরিস্কার

গ. পরিনত　　ঘ. পরিষ্কার

২৩। বিসর্গ সন্ধিকে কয় ভাগে ভাগ করা হয়?

ক. দুই　　খ. তিন

গ. চার　　ঘ. পাঁচ

২৪। নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?

ক. ছাত্রী　　খ. বিধবা

গ. কন্যা　　ঘ. বোন

২৫। আধিক্য বোঝাতে দ্বিরুক্তির প্রয়োগ হয়েছে কোনটিতে?

ক. নরম নরম হাত　　খ. ফোঁটা ফোঁটা পানি

গ. ধামা ধামা ধান　　ঘ. ধীরে ধীরে চলা

২৬। নিচের কোনটি পরিমানবাচক সংখ্যা?

ক. সপ্তদশ　　খ. সপ্তাহ

খ. সাত　　ঘ. সপ্তম

২৭। সমষ্টিবাচক শব্দগুলোর বেশিরভাগই কোন ভাষা থেকে এসেছে?

ক. সংস্কৃত　　খ. বাংলা

গ. আরবি　　ঘ. ফারসি

২৮। তুমি আমি ও সে= আমরা; এটি কোন সমাসের উদাহরণ?

ক. বহুব্রীহি সমাস　　খ. প্রাদি সমাস

গ. নিত্য সমাস　　ঘ. অব্যয়ীভাব সমাস

২৯। ‘আবছায়া’ শব্দটিতে ‘আব’ উপসর্গটি কোন ধরনের অর্থদ্যোতকতার সৃষ্টি করেছে?

ক. নিকৃষ্টতা　　খ. বিক্ষিপ্ততা

গ. অপকর্ষতা　　ঘ. অস্পষ্টতা

৩০। নিচের কোনটি যোগরূঢ় শব্দ?

ক. সন্দেশ　　খ. দৌহিত্র

গ. গবেষণা　　ঘ. জলধি

সেট ক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

প্রাক্-নির্বাচনি পরীক্ষা, ২০১৮
দশম শ্রেণি
বাংলা দ্বিতীয় পত্র (আবশ্যিক) বিষয় কোড: ১০২
(রচনামূলক)

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান: ৭০

(দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষনীয়।)

১। যে কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখ: ১০
ক) শিশুশ্রম
খ) বৈশাখী মেলা

২। ক) মনে কর, তোমার নাম তামিম/জাহানারা। মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর তোমার ভবিষ্যৎ জীবনের লক্ষ্য জানিয়ে বন্ধু শাহীনের/ফারহানার নিকট একটি পত্র লেখ। ১০
অথবা,
খ) মনে কর, তুমি কুষ্টিয়া জেলার মানিকতলা আদর্শ বিদ্যানিকেতনের দশম শ্রেণির একজন শিক্ষার্থী। তোমার বিদ্যালয়ে স্বাস্থ্য সম্মত ক্যান্টিন স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।

৩। ক) সারাংশ লেখ: ১০
শ্রমকে শ্রদ্ধার সঙ্গে গ্রহণ কর। কালি-ধুলার মাঝে, রৌদ্র-বৃষ্টিতে কাজের ডাকে নেমে যাও। বাবু হয়ে ছায়ায় পাখার তলে থাকবার দরকার নেই। এ হচ্ছে মৃত্যুর আয়োজন। কাজের ভেতর কুবুদ্ধি কুমতলব মানবচিত্তে বাসা বাঁধতে পারে না। কাজে শরীরে সামর্থ্য জন্মে, স্বাস্থ্য, শক্তি, আনন্দ, স্ফূর্তি, সকলই লাভ হয়। পরিশ্রমের পর যে অবকাশ লাভ হয় তা পরম আনন্দের অবকাশ। তখন কৃত্রিম আয়োজন করে আনন্দ করার কোন প্রয়োজন হয় না। শুধু চিন্তার দ্বারা জগতের হিতসাধন হয় না। মানব সমাজে মানুষের সঙ্গে কাজে, রাস্তায়, কারখানায়, মানুষের সঙ্গে ব্যবহারে মানুষ নিজেকে পূর্ণ করে।
অথবা,
খ) সারমর্ম লেখ:
কোথায় স্বর্গ, কোথায় নরক, কে বলে তা বহুদূর?
মানুষের মাঝে স্বর্গ-নরক, মানুষেতে সুরাসুর।
রিপুর তাড়নে যখনি মোদের বিবেক পায় গো লয়,
আত্মগ্লানির নরক-অনলে তখনি পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে যবে মিলি পরস্পরে,
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরি কুঁড়েঘরে।

৪। যে কোনো একটি ভাব-সম্প্রসারণ লেখ: ১০
ক) নাম মানুষকে বড় করে না, মানুষই নামকে বড় করে তোলে।
খ) সংসার সাগরে দুঃখ-তরঙ্গের খেলা
আশা তার একমাত্র ভেলা।

৫। যে কোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা কর : ১০
ক) সংবাদপত্রে প্রকাশের জন্য 'নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি' শীর্ষক একটি প্রতিবেদন রচনা কর।
খ) তোমার বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালার উপর একটি প্রতিবেদন রচনা কর।

৬। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর: ২০
ক) দেশগঠনে ছাত্রসমাজের ভূমিকা
খ) মাদকাসক্তি ও তার প্রতিকার
গ) মানবকল্যাণে বিজ্ঞান